

‘কোভিড-১৯’ পরিস্থিতিতে ২০২১ সালের এসএসসি পরীক্ষার  
পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: চারু ও কারুকলা

বাদকৃত অধ্যায়: দ্বিতীয় (দেশ-বিদেশের উল্লেখযোগ্য শিল্পী ও শিল্পকর্ম) ও তৃতীয় (বাঙালি লোকজীবনে চারু ও কারুকলা)।

ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে চারু ও কারুকলা বিষয়ের শিক্ষার্থীরা ধারাবাহিকভাবে শিল্পকলার ইতিহাস, দেশ-বিদেশের শিল্পী ও তাঁদের শিল্পকর্ম, চারু ও কারুকলা, লোকশিল্প ইত্যাদি বিষয়ে সম্যক ধারণা লাভ করেছে।

- ষষ্ঠ শ্রেণির দ্বিতীয়, সপ্তম শ্রেণির দ্বিতীয়, অষ্টম শ্রেণির তৃতীয় অধ্যায়ে ‘দেশ-বিদেশের শিল্পী ও তাঁদের শিল্পকর্ম’ সম্পর্কে সংক্ষেপে ধারণা দেওয়া আছে।
- ষষ্ঠ শ্রেণির তৃতীয়, সপ্তম শ্রেণির তৃতীয়, অষ্টম শ্রেণির চতুর্থ এবং নবম-দশম শ্রেণির প্রথম অধ্যায়ের ১০ ও ১১ অনুচ্ছেদে ‘বাঙালি লোকজীবনে চারু ও কারুকলা’ সম্পর্কে সংক্ষেপে বর্ণনা রয়েছে।

উক্ত বিষয়টি বিবেচনায় রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির অনিবার্য বাস্তবতায় নবম-দশম শ্রেণির চারু ও কারুকলা পাঠ্যবইয়ের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায় দুটি বাদ দিয়ে পাঠ্যসূচি সীমিত/পুনর্বিন্যাসের সুপারিশ করা হয়েছে।

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে প্রস্তাবিত অধ্যায়গুলোর শিখনফলের সঙ্গে উচ্চমাধ্যমিকের চারু ও কারুকলা বিষয়ের আন্তঃসম্পর্ক ও ধারাবাহিকতা রয়েছে। অর্থাৎ পরবর্তী উচ্চমাধ্যমিক শ্রেণির চারু ও কারুকলা বিষয়টি শিখনের ক্ষেত্রে প্রস্তাবিত পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি ভিত্তি হিসেবে কাজ করবে।

# ‘কোভিড-১৯’ পরিস্থিতিতে ২০২১ সালের এসএসসি পরীক্ষার জন্য পুনর্বিन্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: চারু ও কারুকলা

অধ্যায় ও শিরোনাম	পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু	মন্তব্য
প্রথম: শিল্পকলা	<ul style="list-style-type: none"> <li>শিল্পকলার উৎপত্তি সম্পর্কে বর্ণনা করতে পারবে।</li> <li>শিল্পকলার বিভিন্ন শাখা সম্পর্কে বর্ণনা করতে পারবে।</li> <li>শিল্পকলা চর্চার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> <li>শিল্পকলার অন্যতম মাধ্যম চারু ও কারুকলার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>শিল্পকলা</li> <li>শিল্পকলার শ্রেণিবিভাগ</li> <li>শিল্পকলা চর্চার গুরুত্ব</li> <li>শিল্পকলার গুরুত্বপূর্ণ অংশ: চিত্রকলা ও কারুকলা</li> </ul>	
চতুর্থ: আঁকতে হলে জানতে হবে	<ul style="list-style-type: none"> <li>ছবি আঁকার নিয়মগুলো ব্যাখ্যা করতে পারবে।</li> <li>ছবি আঁকার বিভিন্ন উপকরণের বর্ণনা দিতে পারবে।</li> <li>ছবি আঁকার বিভিন্ন মাধ্যম ও তার ব্যবহার সম্পর্কে বর্ণনা করতে পারবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ছবি আঁকার নিয়ম</li> <li>ছবি আঁকার উপকরণ</li> <li>ছবি আঁকার বিভিন্ন মাধ্যম</li> </ul>	
পঞ্চম: ব্যবহারিক শিল্পকলা	<ul style="list-style-type: none"> <li>বাংলা, ইংরেজি ও আরবি বর্ণমালা সুন্দরভাবে লিখতে পারবে এবং শৈল্পিক উপস্থাপন করতে পারবে।</li> <li>দৈনন্দিন জীবনে নকশার বহুবিধ ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।</li> <li>প্রিন্ট বা ছাপার জন্য ব্যবহার উপযোগী বিভিন্ন ডিজাইন তৈরি করতে পারবে।</li> <li>আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের পোশাক শিল্পের স্বকীয়তা ও গুরুত্ব বর্ণনা করতে পারবে।</li> <li>বাঙালি সংস্কৃতির সাথে সমন্বয় রেখে বিভিন্ন পোশাক এবং নকশা তৈরি করতে পারবে।</li> <li>বাসগৃহ, অফিস ইত্যাদির অভ্যন্তরীণ সাজ-সজ্জার সাধারণ নিয়ম-কানুন বর্ণনা করতে পারবে।</li> <li>সৃজনশীলতা, উপযোগিতা ও রুচিবোধের সমন্বয়ে বাসগৃহ, অফিস ইত্যাদির অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজ করতে পারবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বর্ণমালা ও হাতের লেখা (টাইপোগ্রাফী ও ক্যালিগ্রাফী)</li> <li>নকশা বা ডিজাইন</li> <li>গ্রাফিক ডিজাইন</li> <li>ফ্যাশন ডিজাইন</li> <li>গৃহ অভ্যন্তরীণ সাজ-সজ্জা</li> </ul>	

<p>ষষ্ঠ: বাস্তব ও স্মৃতি থেকে অনুশীলন</p>	<ul style="list-style-type: none"> <li>● স্টিল লাইফ বা স্থির জীবন নিয়ে ছবি আঁকতে পারবে।</li> <li>● মানুষ ও বিভিন্ন প্রাণীর ছবি আঁকতে পারবে।</li> <li>● প্রকৃতি ও পারিপার্শ্বিক জগত নিয়ে ছবি আঁকতে পারবে।</li> <li>● স্মৃতি থেকে বিভিন্ন ঘটনা বা বিষয়ভিত্তিক ছবি আঁকতে পারবে।</li> <li>● টাইলস দিয়ে মোজাইক পেইন্টিং করতে পারবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>● স্টিল লাইফ ও শিল্পকলা (জড়জীবন)</li> <li>● মানুষ ও বিভিন্ন প্রাণীর ছবি আঁকার অনুশীলন</li> <li>● প্রকৃতি থেকে অনুশীলন</li> <li>● স্মৃতি থেকে অনুশীলন</li> <li>● মোজাইক পেইন্টিং/দেওয়ালচিত্র বা ম্যুরাল</li> </ul>	
<p>সপ্তম: কারুকলা</p>	<ul style="list-style-type: none"> <li>● বাঁশ দিয়ে বিভিন্ন শিল্পকর্ম তৈরি করতে পারবে। যেমন- পুতুল, ফুলদানি, ছাইদানি, কলমদানি ইত্যাদি। বাঁশের চালন, বুড়ি, খালই, বাঁশের চাটাই ইত্যাদি তৈরি করতে পারবে।</li> <li>● বেতের সাধারণ পাটি ও নকশি পাটি তৈরি করতে পারবে।</li> <li>● ছোট ছোট খালই, বুড়ি তৈরি করে ঘর সাজাতে পারবে।</li> <li>● রঙের নামগুলো জানবে।</li> <li>● কাপড়কে রংকরণ ও ছাপার জন্য উপযোগী করে তৈরি করতে পারবে।</li> <li>● কাপড় রং করার পদ্ধতি বর্ণনা করতে পারবে।</li> <li>● ব্লক তৈরি করতে পারবে, ব্লক দিয়ে কাপড়ে ছাপ দিতে পারবে।</li> <li>● টাইডাই পদ্ধতিতে কাপড় ছাপার কাজ করতে পারবে।</li> <li>● মোম বাটিক পদ্ধতিতে কাপড় ছাপতে পারবে।</li> <li>● কাঠ কেটে বিভিন্ন শিল্পকর্ম তৈরি করতে পারবে।</li> <li>● ভাঙা হাঁড়ি-পাতিল দিয়ে বিভিন্নরকম শিল্পকর্ম তৈরি করতে পারবে।</li> <li>● ফেলনা তার দিয়ে শিল্পকর্ম তৈরি করতে পারবে।</li> <li>● এই শিল্পকর্ম দিয়ে নিজের ঘর সাজাতে পারবে।</li> <li>● মাটির স্ল্যাব দিয়ে শিল্পকর্ম (টেরাকোটা) তৈরি করতে পারবে</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>● বাঁশ ও বেতের কাজ</li> <li>● মূর্তা ও বেতের কাজ</li> <li>● টাই ও ডাই (বাটিক, কাপড় ছাপা, ব্লক)</li> <li>● কাঠ খোদাই শিল্প</li> <li>● ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম</li> <li>● টেরাকোটা</li> </ul>	